

প্রধান উপদেষ্টার সাথে মতবিনিময় সভা



গত ২৪ আগস্ট ২০২৪ তারিখ রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস এর সাথে শীর্ষস্থানীয় এনজিও লিডারদের অংশগ্রহণে দেশের দক্ষিণ পূর্বাঞ্চলের বন্যা মোকাবেলায় করণীয় শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি। বন্যা মোকাবেলাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে শক্তি ফাউন্ডেশন, সরকারের সঙ্গে একযোগে কাজ করবে সেই বিষয়ে তিনি দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

সাম্প্রতিক বন্যায় শক্তি ফাউন্ডেশনের নানাবিধ কার্যক্রম

বন্যার শুরু থেকেই ফেনী, নোয়াখালী, চৌদ্দগ্রাম, লক্ষীপুর, কুমিল্লাতে দুর্গত মানুষকে সহায়তা করতে উদ্ধার কার্যক্রম, আশ্রয় দান, ত্রাণ সহায়তা, স্বাস্থ্যসেবাসহ অন্যান্য প্রয়োজনীয় সহায়তা দিয়ে পাশে থেকেছে শক্তি ফাউন্ডেশন।



১০,০০০ এর অধিক
পরিবারের মাঝে মাগ সহায়তা



৪৯ টি
ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন



৬৫৫০ টি
পরিধানের বস্ত্র বিতরণ



৭০০০ এর অধিক
মানুষকে জরুরি স্বাস্থ্যসেবা প্রদান



৩০০০ টি
স্যানিটারি ন্যাপকিন বিতরণ



৩৩২ জন
আশ্রয়দান এবং খাবারের ব্যবস্থা



আর্ত মানবতার সেবায় পাশে আছে শক্তি ফাউন্ডেশন



গত ১৬ জুলাই ২০২৪ তারিখ থেকে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে আর্ত মানবতার সেবায় সর্বস্তরের মানুষের পাশে দাঁড়িয়েছে শক্তি ফাউন্ডেশন। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুমিল্লা, রংপুর, বরিশাল, নারায়ণগঞ্জে **২,২৫১** জন ছাত্র-জনতাকে বিভিন্নভাবে সহায়তা দিয়ে পাশে থেকেছে।

ইমারজেন্সি মেডিকেল সাপোর্ট-

শক্তি অ্যান্ডালজ-এ করে হাসপাতালে পৌঁছে দেওয়া- **৩৭ জন** গুরুতর আহত রোগীকে ঢাকা মেডিকেল, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল, মিটফোর্ড হাসপাতাল, কুয়েত মৈত্রী হাসপাতাল এবং জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) এ দ্রুততম সময়ে পৌঁছে দেয়া হয়।

জরুরী রক্তের ব্যবস্থা- আহত রোগীদের জন্য জরুরী ভিত্তিতে রক্তের ব্যবস্থা করা হয়।

অপারেশন ও প্রয়োজনীয় চিকিৎসার খরচ বহন- **১১৯ জন** হতাহতদের অপারেশনসহ প্রয়োজনীয় চিকিৎসার খরচ ও ওষুধ প্রদান করা হয়। হাসপাতালের কর্মীদের সহযোগিতা করার জন্য **২৩ জন স্বাস্থ্যকর্মীর সমন্বয়ে গঠিত ৯টি টিম** এর মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও রাজশাহীর হাসপাতালে **৭৫ জন গুরুতর আহত রোগীকে সেবা প্রদান করা হয়।**

শক্তি মডেল ফার্মেসীর- উদ্যোগে আয়োজিত হেলথ ক্যাম্প ডাক্তারের মাধ্যমে প্রায় **২০০ মানুষকে ফ্রি চিকিৎসা এবং ওষুধ প্রদান করা হয়।**



রাষ্ট্রায় ট্রাফিককন্ট্রোলের কাজে নিয়োজিতদের সেবা প্রদান- আগস্ট মাসের শুরু থেকেই আগারগাঁও, শেওড়াপাড়া, কাজীপাড়া, মিরপুর ১, ২, ৬, ১২, ইসিবি, কালশী, মোহাম্মদপুর, সংসদ ভবন, বিজয় সরণি, আর্মি স্টেডিয়াম, কাকলী, মহাখালী, ফার্মগেট এবং ধানমন্ডি এলাকাতে প্রায় **২০০০ শিক্ষার্থীকে** পানি, বিস্কুট, গ্লুকোজ, স্যালাইন, ইলেক্ট্রোলাইট ড্রিংকস এবং দুপুরের খাবার প্রদান করা হয়।

সুখবর


মাঠ পর্যায়ের সকল পর্দে
শতভাগ (১০০%)
অভ্যন্তরীণ প্রমোশন দেয়া
হবে

শক্তির একজন কর্মী
বিকাশ এজেন্ট হিসেবে
যে সকল সেবা দিতে পারবেন

- রেমিটেন্স
- ক্যাশ ইন
- ক্যাশ আউট
- নতুন বিকাশ একাউন্ট খোলা

পে বিল
গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল,
ডিস ও ইন্টারনেট বিল,
শিক্ষা প্রতিষ্ঠানের ফি
এবং অন্যান্য

এক নজরে শক্তি (আগস্ট ৩১, ২০২৪)



সদস্য সংখ্যা
৪৪১,২১০ জন

ঋণী
৩৫৪,৪৪৬ জন

সঞ্চয় স্থিতি
৯৮৯.৬৭ কোটি টাকা

ঋণ বিতরণ
(ক্রমাগত)
২১,১৪১.৬১
কোটি টাকা

ঋণ স্থিতি
২,৫৫৫.৪৮
কোটি টাকা

কর্মী বাহিনী
প্রায় ৫২০০

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

www shakti.org.bd
f /SFDWbd
in /company/sfdwbd